# তিন শিফটে চলবে এয়ার কার্গো ইউনিট

- A Monitor Desk Report | Date: 22 October, 2025




**ঢাকাঃ রাজধানীর হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের আমদানি□রফতানি কার্গো কমপ্লেক্সে ভয়াবহ অগ্নিকান্ডের পর ব্যবসায়িক কার্যক্রম দ্রুত পুনরুজ্জীবিত করার উদ্যোগ নিয়েছে ঢাকা কাস্টমস হাউস।**

এক নির্দেশনায় বলা হয়েছে, বিমানবন্দরের অধীনে থাকা এয়ারফ্রেইট ইউনিট এবং এক্সপ্রেস সার্ভিস ইউনিটে একটানা ২৪ ঘণ্টা, তিনটি শিফটে কার্যক্রম চালু রাখতে হবে।

কাস্টমস সূত্রে জানা গেছে, আমদানি□রফতানি পণ্য, লজিস্টিক সার্ভিসসহ বিমানবন্দরের গোডাউন ও কার্গো হ্যান্ডলিং কার্যক্রম আগুনের কারণে বিঘ্নিত হওয়ায় কার্যক্রম দ্রুত স্বাভাবিক করার লক্ষ্যে এই পদক্ষেপ নেওয়া হয়েছে।

আদেশে বলা হয়েছে, সংশ্লিষ্ট ইউনিটগুলো অ্যাসিস্ট্যান্ট কমিশনার ও ডেপুটি কমিশনার পর্যায়ের কর্মকর্তারা প্রভাতী, দিবা ও নৈশ□এই তিন শিফটে দায়িত্ব পালন করবেন। পাশাপাশি, প্রয়োজনীয় সংখ্যক রাজস্ব কর্মকর্তা, সহকারী রাজস্ব কর্মকর্তা, সাব-ইন্সপেক্টর ও সিপাই নিয়োজিত রেখে কাস্টমস কার্যক্রম নির্বিঘ্ন রাখার নির্দেশ দেওয়া হয়েছে।

কাস্টমস কর্মকর্তাদের মতে, এই উদ্যোগের ফলে দুর্যোগ-পরবর্তী সময়ে আমদানি-রফতানি কার্যক্রমে কোনও স্থবিরতা সৃষ্টি হবে না। ব্যবসায়ীরা দ্রুত পণ্য খালাস করতে পারবেন, যা বাণিজ্যিক গতি ও রাজস্ব আদায়ে ইতিবাচক প্রভাব ফেলবে।

এই উদ্যোগকে ব্যবসায়ীরা স্বাগত জানিয়েছেন। তারা বলছেন, কাস্টমসের দ্রুত পদক্ষেপ ও সমন্বিত কার্যক্রম বাণিজ্য স্থিতিশীল রাখতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

ঢাকা কাস্টমস হাউজ সিঅ্যান্ডএফ এজেন্ট এসোসিয়েশনের সহ-সভাপতি খায়রুল আলম ভুইয়া মিঠু বলেন, ‘এই উদ্যোগকে আমরা ব্যবসায়ীরা স্বাগত জানিয়েছি। এই কার্যক্রমের ফলে আমরা সবাই উপকৃত হবো।’

-B